

বঙ্গবিদ্যা

International Journal  
of Bengal Studies  
Volume 11-12

**BANGABIDYA**

International Journal of Bengal Studies

2021-2022

Volume - 11-12

**First Published**

2022

**Volume Editor**

Pallab Sengupta

**Editor**

Amitava Chakraborty

**Published By**

International Society of Bengal Studies

**Contact Address**

Bangabidya Trust

D-48, Calcutta Greens Commercial Complex, 1050/2,

Survey Park, Kolkata-700075

secisbs@gmail.com

**Printed By**

Sagarika Press, Kolkata - 09

ISSN - 2277-7717

₹ - 400.00

## ‘নীল ময়ূরের যৌবন’ আলোকে ‘চর্যাপদ’ পুনঃ ভাবনার উন্মোচন

বাংলা সাহিত্যের আদি নিদর্শন হিসেবে চর্যাপদের গুরুত্ব অপরিসীম। আমরা শুরু থেকেই এই কবিতা পড়ে এসেছি ধর্মীয় আধ্যাত্মিক চিন্তা চেতনায় মোড়া কাব্য হিসেবে। যেখানে দেখা যায় গুরুকেন্দ্রিক বৌদ্ধ সহজিয়া ধর্ম ও তন্ত্রের সাধন ও মুক্তির কথা। গুরুর হাত ধরে সঠিক মার্গের সন্ধান করে সাধনায় সিদ্ধি লাভের পন্থা। যোগ সাধনায় শরীরকে ব্যবহার করে আধ্যাত্মিক জগতে প্রবেশের কথা। তাঁর আড়ালে লুকিয়ে থাকছে প্রেমময় সামাজিক জীবনযাত্রার ইতিহাস। যদিও ‘সন্ধ্যা’ ভাষায়। সেই মর্মে বেশির ভাগ গবেষকগণ এই গ্রন্থের পদগুলোকে আধ্যাত্মিক ধ্যান ধারণায় ব্যাখ্যা করেছেন। খুব সামান্য কয়েকজন গবেষক আলাদা করে উপস্থাপনের চেষ্টা করলেও পণ্ডিত সমাজ তাকে পর্দার আড়ালে ঢেকে দিয়েছেন উন্মাসিকতায়। শরীরকে কেন্দ্র করে তন্ত্রের হাত ধরে চলা যোগ সাধনা। যেখানে তন্ত্র যোগী বাউল মানব শরীর মিলন প্রেম মন ভোগ ত্যাগ সাধক মুক্তির কথা। কিন্তু চর্যাপদে সেখানে কবির মনের ভবনাটি হারিয়ে যুক্তি তর্ক তত্ত্বের পিঞ্জরাবদ্ধ প্রকাশ দেখা যায়। খুব সামান্য আলোচনা করলেও এর আড়ালে এড়িয়ে গেছেন একটি রোমান্টিক জীবন যাত্রার কাহিনি।

বাংলাদেশের লেখিকা সেলিনা হোসেন তাঁর ‘নীল ময়ূরের যৌবন’ বইয়ে সেই ইতিহাসকেই সামাজিক মোড়কে রোমান্টিক জীবন কাহিনি আকারে তুলে ধরেছেন। যেখানে নেই আধ্যাত্মিক বেড়াবাল বরং আছে সামাজিক, আর্থিক, আনন্দ, ভাষা, সুখ, দুঃখ কষ্টের অত্যাচারিতের গল্পকথা। লেখিকা যেমন করে দেখিয়েছেন আজ আমরাও যদি এই গ্রন্থকে সেই ভাবে ভাবি এবং তিনি যেমন নতুন করে যে দুঃসাহসিক ভাবে সরল ইতিহাস বাস্তব সম্মত চিন্তাচেতনার রাস্তা দেখিয়েছেন। তাঁর ভাবনার সাথে ‘চর্যাপদ’কে নব ভাবনার একটি প্রস্তাব উপস্থাপন করতে চাচ্ছি।

আমার এই প্রবন্ধের উদ্দেশ্য ‘চর্যাপদ’কে যদি আধ্যাত্মিক ভাবনার পাশাপাশি সামাজিক জীবন যাপন ও প্রেম ভালোবাসার দিক থেকে বিচার করি তাহলে বরং পদকর্তাদের ভাবনার আরো কাছাকাছি পৌঁছাতে সাহায্য

ড. হিমাত্রী শেখর হাওলাদার, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ,  
জাকির হুসেন দিল্লি কলেজ, দিল্লি বিশ্ববিদ্যালয়, ভারত

International Journal of Bengal Studies, ISSN 2277-7717, Vol. : 11-12, 2022, PP 160-170